



বিষয়: মে/২৪ মাসের "ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির" সভার কার্যবিবরণী।

খানকোড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়  
উপজেলা-সাতুরিয়া, জেলা- মানিকগঞ্জ।  
মে/২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভার সভাপতিঃ জনাব মোঃ আব্দুর রউফ,  
চেয়ারম্যান, খানকোড়া ইউনিয়ন পরিষদ।  
স্থানঃ ইউপি ভবন।  
সভার তারিখ : ২৬/০৫/২০২৪খ্রি:  
সভার সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'

আজ খানকোড়া ইউনিয়ন পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় পূর্ব সভার মন্তব্য পাঠ করা হয় এবং কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভার সূচনায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যবিবরণী শুরুর করেন।

ক্রং/নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব প্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০১	আলোচ্য বিষয়ঃ চলতি অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের ২য় কিস্তির বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহন।	আলোচ্য সূচী হিসেবে সভায় সচিব সাহেব চলতি ২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদের ২য় কিস্তির উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দপত্র স্মারক নং ৪৬.০০.০০০০. ০১৮.০২.০০২.১৭ (অংশ-৪)-২৪০ তারিখঃ ৯ মে ২০২৪ খ্রিঃ পত্রখানি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত পত্র সভায় পাঠ করা হয়। ইহাতে দেখা যায় যে, খানকোড়া ইউনিয়নের জন্য বিবিসি প্রথম কিস্তির বরাদ্দ বাবদ ৭,৭৪,৩০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে বরাদ্দপত্রের আলোকে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা সনাই ব্যাপকভাবে পাঠ করা এবং আলোচনা করা হয়।	ব্যাপক আলোচনা আলোচনার পর প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ হিসেবে মোট বরাদ্দ দ্বারা একটি রাস্তায় এসবিপি করনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রস্তাবিত প্রকল্পঃ ১। শোদ্ধখোলা আদর্শ গ্রামের আবুলের বাড়ীর নিকট হইতে গফুরের বাড়ী পর্যন্ত রাস্তা ব্রীক সলিং করন। বরাদ্দঃ ৭,৪২,২০০/-	ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট কমিটি।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রামত্ব।	অত্র খানকোড়া ইউনিয়নে ১০০ ভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহন সম্পর্কে আলোচনা করা হয়। সচিব সাহেব এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। কিকি পদক্ষেপে নিলে জন্ম ও মৃত্যু নিবন্ধন ১০০ ভাগ করা যাবে সেগুণীত হয়। গ্রামপুলিশ ও সদস্যগণকে বিশেষভাবে তাগিদ দিয়ে সকলের মতামত চাহেন। বিষয় নিয়ে সভায় বিবেচনা আলোচনা করা হয়।	১০০ ভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন করার সিদ্ধান্ত হয় এবং উহা বাস্তবায়নের জন্ম সকল গ্রামপুলিশ ইউপি সদস্যগণকে সহযোগীতা সহ স্বাস্থ্য বিভাগের, প.প. বিভাগের মাঠকর্মীদের সহযোগীতা অনুরোধ সহ সিদ্ধান্ত মাঠকর্মীদের এবং ইউপি সচিব।	ইউডিসিসি এর সকল সদস্যবৃন্দ, গ্রামপুলিশগন, স্বাস্থ্য বিভাগের, প.প. বিভাগের এবং ইউপি সচিব।
০৩	২০২৩-২০২৪ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প সংক্রামত্ব।	২০২৩-২০২৪ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	বিজিসিসি অনুমেদিত ইউনিয়ন উন্নয়ন সহায়তা খাতের প্রকল্প সমূহ অতি দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।	ওয়ার্ড কমিটি ও ইউনিয়ন পরিষদ।
০৪	কৃষি বিষয়ক।	বর্তমান মৌসুমে ইউনিয়নের কয়েকটি এলাকায় পাট চাষ হয়েছে, উহা পচনের যথাযথ পরামর্শ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	পাট চাষীদের পাট পচনের যথাযথ পরামর্শ প্রদানের বিষয়ে নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে উপ-সহকারী কৃষি কর্মকর্তা,	উপ-সহকারী কৃষি কর্মকর্তা, খানকোড়া ইউনিয়ন।
০৫	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।	বিশুদ্ধ পানি ব্যবহার এবং স্বাস্থ্য সম্মত লেট্রিন ব্যবহার বিষয়ে আলোচনা করা হয়। গভীর নলকূপ স্থাপনের জন্য যে সকল নাম প্রস্তাব দেয়া হয়েছে তাহাদের হিসাবে সংশ্লিষ্ট কোড মোতাবেক ই-চালান জমা প্রদান করার জন্য বলা হল।	বিশুদ্ধ পানি ব্যবহার এবং স্বাস্থ্য সম্মত লেট্রিন ব্যবহার নিশ্চিত কল্পে জনসাধারণকে সচেতন করে তুলতে হবে। এজন্য ওয়ার্ড পর্যায় প্রচারাভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত। গভীর নলকূপ সমূহ যথাযথ স্থাপন বিষয়ে কোড জমা দেয়ার জন্য বলা হল।	ইউপি সদস্য/সদস্যবৃন্দ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর মাঠকর্মী গন ব্যবস্থাবিবেন।

সভায় সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সন্মতিক্রমে সমাপ্ত করেন।

২৬/৫/২৪  
মোঃ আব্দুর রউফ  
চেয়ারম্যান  
খানকোড়া ইউনিয়ন পরিষদ।  
মোঃ আব্দুর রউফ  
চেয়ারম্যান  
খানকোড়া ইউনিয়ন পরিষদ  
সাতুরিয়া, মানিকগঞ্জ।